

## জাতীয় শিক্ষা সপ্তাহ ৫০ ক্যাটাগরিতে বিজয়ীদের ২০১টি পুরস্কার

নিজস্ব প্রতিবেদক

২৭ জুন ২০১৯ ০০:০০ | আপডেট: ২৬ জুন ২০১৯ ২৩:৪৪



জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে ৫০টি ক্যাটাগরিতে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে বিজয়ীদের ২০১টি পুরস্কার দেওয়া হয়েছে। গতকাল রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আয়োজিত এ পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিজয়ীদের হাতে ক্রেস্ট, সার্টিফিকেট ও সম্মানী প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। এবার দেশসেরা কলেজ নির্বাচিত হয়েছে রাজশাহী কলেজ। এ কলেজেরই শিক্ষক অধ্যাপক ড. নিতাইচন্দ্র সাহা সেরা কলেজ শিক্ষক নির্বাচিত হয়েছেন। অন্যদিকে ময়মনসিংহের বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চবিদ্যালয় সেরা স্কুল হিসেবে নির্বাচিত হয়েছে। সেরা স্কুল শিক্ষক হিসেবে মনোনীত হয়েছেন বরিশালের সরকারি ডাব্লিউ ইউনিয়ন মডেল ইনস্টিটিউটের শিক্ষক সেলিনা আখতার। দেশসেরা প্রধান শিক্ষক নির্বাচিত হয়েছেন কিশোরগঞ্জের এসভি সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শাহনাজ কবীর। শিক্ষামন্ত্রী বলেন, পাঠ্যবইয়ের পাশাপাশি সহশিক্ষা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে- শিক্ষার্থীরা অংশ নিলে দেশপ্রেম, মানবতাবোধ ও সততা ধারণ করতে শিখবে। খেলাধুলা ও সাংস্কৃতিক প্রতিযোগিতার মাধ্যমে শারীরিক-মানসিক ও আত্মিক বিকাশ ঘটাতে সহায়তা করে থাকে। তাই সহশিক্ষা কার্যক্রমকে উৎসাহিত করতে জাতীয় পর্যায়ে এসব প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে অনেকের মধ্যে আরও বক্তব্য রাখেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, শিক্ষা মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব মো. সোহরাব হোসেন, কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব মুন্সি শাহাবুদ্দিন, মাধ্যমিক ও উচ্চশিক্ষার মহাপরিচালক সৈয়দ ফারুক আহমেদ প্রমুখ।